

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বিআরটিএ সংস্থাপন শাখা

সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ : ২৭ বৈশাখ ১৪২৫/১০ মে ২০১৮

নং ৩৫.০০.০০০০.০২০.০২২.০১৬.১৮-২৩১—তৎকালীন যোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক
যোম/পরি-১/১সি-৬/২০০৭-১৪৮ সংখ্যক প্রজ্ঞাপনে জারীকৃত এবং ২৭ মে ২০০৭ তারিখে বাংলাদেশ
গেজেটের অতিরিক্ত সংখ্যায় “সিএনজি/পেট্রোল চালিত ৪-স্ট্রোক থ্রি-ছইলার সার্ভিস নীতিমালা, ২০০৭”
শিরোনামে প্রকাশিত, অতঃপর উক্ত নীতিমালা বলে অভিহিত, এর সংশোধন—

১। উক্ত নীতিমালার শিরোনাম “সিএনজি/পেট্রোল চালিত ৪-স্ট্রোক থ্রি-ছইলার সার্ভিস
নীতিমালা, ২০০৭” এর পরিবর্তে “গ্যাস/পেট্রোল চালিত ৪-স্ট্রোক থ্রি-ছইলার সার্ভিস নীতিমালা,
২০০৭” হবে।

২। উক্ত নীতিমালার সর্বত্র ‘সিএনজি’ শব্দটি ‘গ্যাস’ শব্দ দ্বারা প্রতিস্থাপিত হবে।

৩। উক্ত নীতিমালার অনুচ্ছেদ ‘ছ’ এর পর নিম্নরূপ আরও একটি নতুন অনুচ্ছেদ ‘জ’ সংযোজিত
হবে :

“অনুচ্ছেদ-জঃ ‘গ্যাস’ শব্দটির ব্যাখ্যা

গ্যাস বলতে মোটরযান চালানোর কাজে জ্বালানি হিসেবে ব্যবহৃত গ্যাস বুঝাবে।”

৪। প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ কামরুল আহসান
যুগ্মসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৫৭৫৯)

মূল্য : টাকা ৪.০০